

## তিন বছর জিবিবি পাওয়ারের মুনাফা বাধাগ্রস্ত হবে

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেডের (পিজিসিএল) গ্যাসের মূল্য বাবদ সুদ সমেত প্রায় ১৫ কোটি টাকার বকেয়া পরিশোধ করতে হবে জিবিবি পাওয়ার লিমিটেডকে। দীর্ঘ বিবাদের পর জ্বালানি ও বিদ্যুৎ খাতের তালিকাভুক্ত কোম্পানিটিকে সম্প্রতি এ নির্দেশনা দিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)। ২০ টি সমান মাসিক কিস্তিতে এ অর্থ পরিশোধ করবে তারা। এদিকে বিনিয়োগকারীসহ সংশ্লিষ্ট সব পক্ষকে কোম্পানিটি জানিয়েছে, আগামী তিন বছর তাদের নিট মুনাফা ও শেয়ারপ্রতি আয়ে (ইপিএস) এর নেতিবাচক প্রভাব থাকবে। সম্প্রতি স্টক এক্সচেঞ্জকে জিবিবি পাওয়ার কর্তৃপক্ষ জানিয়েছে, বিইআরসির সালিশি ট্রাইব্যুনাল গত ১০ জানুয়ারি জিবিবি পাওয়ার ও পিজিসিএলের মধ্যকার মামলাটি নিষ্পত্তি করে রায় দিয়েছে। <http://bonikbarta.net>

## অসুস্থ বাজার প্রতিযোগিতা রোধে কার্যকর কমিশনের তাগিদ

সুখম প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে সুষ্ঠু বাজার প্রতিযোগিতা। বর্তমানে দেশের বাজারে প্রতিযোগিতাবিরোধী বিভিন্ন কর্মকাণ্ড পরিলক্ষিত হচ্ছে। অসুস্থ প্রতিযোগিতামূলক এসব কর্মকাণ্ড প্রতিরোধে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে কার্যকর করার তাগিদ দিয়েছেন বক্তারা। গতকাল রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত ‘অর্থনৈতিক উন্নয়ন ও সঠিক মূল্য প্রাপ্তির নিশ্চয়তায় প্রতিযোগিতার গুরুত্ব’ শীর্ষক এক কর্মশালায় তারা এ আহ্বান জানান। সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ও ব্রিটিশ কাউন্সিলের উদ্ভাবনী প্রকল্প প্রমোটিং নলেজ ফর অ্যাকাউন্টেন্টাল সিস্টেমস (প্রকাস) যৌথভাবে এ কর্মশালার আয়োজন করে। সুখম অর্থনৈতিক উন্নয়ন এবং পণ্য ও সেবার সঠিক মূল্য নিশ্চিত করতে সুষ্ঠু প্রতিযোগিতার ভূমিকা তুলে ধরাই এ কর্মশালা আয়োজনের মূল লক্ষ্য। <http://bonikbarta.net>

## চীনে ব্যবহার বৃদ্ধিতে চাঙ্গা এশিয়ার এলএনজি বাজার

প্রতি বছর শীত মৌসুমে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) ব্যবহার বেড়ে যায়। এ কারণে পণ্যটির বাজারেও দেখা যায় তেজিভাব। তবে চলতি বছর এশিয়ার এলএনজি বাজারে বিদ্যমান তেজিভাব আগের রেকর্ড ছাড়িয়েছে। ২০১৮ সালের ফেব্রুয়ারিতে এশিয়ার স্পট মার্কেটে আগের বছরের একই সময়ের তুলনায় ১০ শতাংশ অতিরিক্ত দামে এলএনজি বেচাকেনা হচ্ছে। জ্বালানি পণ্যটির এ রেকর্ড মূল্যবৃদ্ধির পেছনে চীনের বাজারে ব্যবহার বেড়ে যাওয়াকে চিহ্নিত করেছেন বিশ্লেষকরা। মাত্রাতিরিক্ত পরিবেশ দূষণ প্রতিরোধে চীনে কয়লার পরিবর্তে বিকল্প জ্বালানি হিসেবে এলএনজির ব্যবহার বৃদ্ধির ধারাবাহিকতায় আগামী দিনগুলোয় এশিয়ার বাজারে জ্বালানি পণ্যটির স্পটমূল্য আরো বাড়তে পারে বলে মনে করা হচ্ছে। খবর রয়টার্স ও অয়েলপ্রাইস ডটকম। <http://bonikbarta.net>

## যত বিপদ ক্ষুদ্র বিনিয়োগকারীর

গুজবের অস্থিরতায় পুঁজিবাজারে দরপতনে ক্ষতিগ্রস্ত হচ্ছেন সাধারণ বা ক্ষুদ্র বিনিয়োগকারীরা। কোনো তথ্য শুনলেই শেয়ার বিক্রি করে দিচ্ছে তারা। আবার মার্চেন্ট ব্যাংক বা বড় কোনো প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী শেয়ার ছেড়ে দিলে সেটিকেও অনুসরণ করে শেয়ার বিক্রি করছে। লোকসানের ভয়ে স্বল্প মুনাফায় আবার ক্ষতিতেও শেয়ার বিক্রি করে ঠকছে তারা। আর সংঘবদ্ধ কারসাজিচক্র ক্ষুদ্র বিনিয়োগকারীকে প্রভাবিত করে দাম কমিয়ে শেয়ার কিনছে। যার জন্য পুঁজিবাজার সম্পর্কিত কোনো ইস্যু পেলেই সেটাকে ছড়িয়ে বাজারকে প্রভাবিত করা হচ্ছে। পুঁজিবাজারসংশ্লিষ্টরাও মনে করছেন, একটি গোষ্ঠী ফায়দা লুটতে গুজব ছড়াচ্ছে। আর ক্ষুদ্র বিনিয়োগকারী প্রভাবিত হয়ে শেয়ার বিক্রি করে নিরাপদে সরছে। <http://www.kalerkantho.com>

## রপ্তানি ভর্তুকি পাবে হিমায়িত মাছের বরফ ও আনুষঙ্গিক উপাদান

হিমায়িতকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে বরফ আচ্ছাদন এবং ব্যবহৃত আনুষঙ্গিক আবশ্যিক উপাদান হিমায়িত মাছের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য করে রপ্তানি ভর্তুকি বা নগদ সহায়তা প্রদানের নির্দেশনা স্পষ্ট করেছে বাংলাদেশ ব্যাংক। গতকাল সোমবার বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ থেকে এক সার্কুলার জারির মাধ্যমে এ নির্দেশনা বিদেশি মুদ্রায় লেনদেনে নিয়োজিত সব অনুমোদিত ডিলার ব্যাংকগুলোকে জানিয়ে দেওয়া হয়। <http://www.kalerkantho.com>

## টানা দরপতনে পুঁজিবাজার

বাংলাদেশ ব্যাংকের চলতি বছরের দ্বিতীয়ার্ধের মুদ্রানীতি ঘোষণার পরদিন থেকেই দেশের দুই পুঁজিবাজারে দরপতন চলছে। ব্যাংকের এডিআর ও রাজনৈতিক অস্থিতিশীলতা ইস্যুতে শেয়ার বিক্রির চাপে সূচক ও লেনদেন নিম্নমুখী। এই পাঁচ কার্যদিবসে দেশের প্রধান পুঁজিবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) সূচক কমেছে ৩০৬ পয়েন্ট আর চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সূচক কমেছে ৫৪৯ পয়েন্ট। এই সময়ে কমেছে বেশির ভাগ কম্পানির শেয়ারের দাম। <http://www.kalerkantho.com>

## ভাসমান বেড পদ্ধতি চাষে ১১৬ কোটি টাকার প্রকল্প

হাওর অঞ্চলের আগাম বন্যার অভিজ্ঞতা ও জলবায়ু পরিবর্তনের সঙ্গে খাপ খাওয়াতে ভাসমান বেডে চাষ পদ্ধতি সম্প্রসারণের বিশেষ উদ্যোগ নিচ্ছে সরকার। এক্ষেত্রে সবজি ও মশলার চাষ সম্প্রসারণ ও গবেষণায় ১১৬ কোটি ২৭ লাখ টাকার প্রকল্প হাতে নিচ্ছে কৃষি মন্ত্রণালয়। প্রকল্পটি বাস্তবায়িত হলে সবজি ও মশলার উৎপাদন এবং পুষ্টিগত অবস্থা শতকরা ১০ ভাগ বৃদ্ধি হবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা। এছাড়া প্রকল্প এলাকার খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য ভাসমান এ প্রযুক্তির বিস্তার ঘটবে। জলমগ্ন অবস্থায় ফসল উৎপাদনের নির্ভরতা বৃদ্ধি ও বহুমুখীকরণ এবং ভাসমান পদ্ধতিতে শাকসবজি ও মশলা চাষে ক্ষুদ্র কৃষককে উৎসাহিত করা হবে। কৃষি মন্ত্রণালয় থেকে ‘ভাসমান বেডে সবজি ও মশলার চাষ গবেষণা ও সম্প্রসারণ’ শীর্ষক এ প্রকল্প প্রস্তাব করা হয়েছে পরিকল্পনা কমিশনে। সম্প্রতি প্রকল্পটির ওপর বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। <http://www.kalerkantho.com>